গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারকনং-৩২.০১.০০০০.০০১.০১১.০৫৪.২১-১০৫৪ তারিখ: ১৯/১২/২০২১ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে ( http://dwa.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) আবেদন আহ্বান করা যাচ্ছে। **অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
|---|---|---|---|---|---|
| ১. | ডে-কেয়ার ইনচার্জ | ১০,২০০-২৪,৬৮০/- (১৪তম গ্রেড) | ২৭টি | কোন স্বীকৃত প্রাপ্ত বোর্ড হইতে এইচ.এস.সি পাশ। অথবা এস.এস.সি পাশ এবং শিশুযত্ন কর্মসূচী এবং নার্সিং-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হবে। | টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, খুলনা, বাগেরহাট, নড়াইল, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, গাইবান্ধা, নেত্রকোনা, জামালপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। **তবে সকল জেলা হতে এতিম এবং শারীরিক প্রতিবন্ধী আবেদন করতে পারবেন।** |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড) | ৬০টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষ এবং<br>(গ) প্রতিমিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ টাইপ করার গতি থাকতে হবে। | |
| ৩. | অফিস সহায়ক | ৮,২৫০-২০,০১০/- (২০তম গ্রেড) | ৪১৭টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ফরিদপুর, মাদারিপুর, শরিয়তপুর, চাঁদপুর, লক্ষীপুর, জয়পুরহাট, নড়াইল, পটুয়াখালী, পিরোজপুর, ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। **তবে সকল জেলা হতে এতিম এবং শারীরিক প্রতিবন্ধী আবেদন করতে পারবেন।** |

**ক. আবেদন করার নিয়ম ও পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

১. আবেদন শুরুর (২১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ) তারিখে ন্যূনতম ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রিস্টাব্দ মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা:
   ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
   খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
   গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর।
   ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র (গ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্র দাখিল করতে হবে এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৩. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৪. প্রচলিত বিধি অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে কোটা নীতি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করা হবে।

৫. কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

৬. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১/১২/২০২১ তারিখ সকাল-১০.০০ টা থেকে।

৭. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১/০১/২০২২ খ্রি. বিকাল-০৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে

প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৮. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

৯. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১০. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১১. **<u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ</u>** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য, ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID টি ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিকনং-১ ও ২ পর্যন্ত প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- টাকা (একশত বার) টাকা ক্রমিক নং-৩ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা সহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS:** **DWA**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: DWA ABCDEF

Reply: Applicant's Name, **112** or **56** Tk will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DWA<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **DWA**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: DWA YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DWA Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

১২. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dwa.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৩. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৪. শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(a) User ID জানা থাকলেঃ
**DWA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222. Example: **DWA Help USER ABCDEF** & Send to 16222.

(b) PIN Number জানা থাকলেঃ
**DWA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **DWA Help PIN 12345678** & send to 16222.

১৫. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৬. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর **alljobs.query@teletalk.com.bd** অথবা vas.quary@teletalk.com.bd বা **mdjalil30776@gmail.com** -মেইলে যোগাযোগ করা যাবে।

১৭. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৮. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dwa.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৯. আবেদনকারীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.dwa.gov.bd ওয়েবসাইটে এবং http://dwa.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

২১. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

২২. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(কামরুন নাহার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৫৮৩১০৭৭০